গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopme.gov.bd

নম্বর-৩৮.০০.০০০০.০০১.২২.০১৬.২০-৬৩৫

তারিখ: ২২ কার্তিক ১৪২৮ / ০৭ নভেম্বর ২০২১

বিষয়ঃ প্রাথমিক শিক্ষা বোর্ড আইন, ২০২১ এর খসড়ার উপর জনমত যাচাই প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন একটি অধিদপ্তর। প্রাথমিক শিক্ষা বোর্ড আইন, ২০২১ এর খসড়া আইনটির বিষয়ে মতামত/সুপারিশ প্রেরণের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত মতামত/সুপারিশের উপর গত ২৪/১০/২০২১ তারিখে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত আন্তঃমন্ত্রণালয় সভায় যাচাইন্তে প্রাথমিক শিক্ষা বোর্ড আইন, ২০২১ এর খসড়া প্রণয়ন করা হয়েছে। এক্ষণে, Rules of Business অনুযায়ী আইনের খসড়া জনমত যাচাইয়ের জন্য এসাথে সংযুক্ত করা হলো।

০২। এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা বোর্ড আইন, ২০২১ এর খসড়ার উপর মতামত/সুপারিশ থাকলে তা আগামী ২৫/১১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবর (ই-মেইল-sasad1@mopme.gov.bd) প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭/১১/২০২১

মো: আসাদুজ্জামান
যুগ্মসচিব
ফোন: ০২-২২৩৩৫১৮০১
ই-মেইলঃ sasad1@mopme.gov.bd

D:\General Forwading.docx

প্রাথমিক শিক্ষা বোর্ড আইন, ২০২১

যেহেতু প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে শিখন-শেখানো কার্যক্রমের মূল্যায়ন, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা পরিচালনা, শিক্ষার্থী মূল্যায়ন, গবেষণা এবং পরিবীক্ষণ ও মূল্যায়নের লক্ষ্যে প্রাথমিক শিক্ষা বোর্ড আইন নামে একটি আইন প্রণয়ন করা সমীচীন;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:

অধ্যায়: ১

প্রারম্ভিক

১. শিরোনাম, প্রযোজ্য ক্ষেত্র ও প্রবর্তন।

১.১ এই আইন প্রাথমিক শিক্ষা বোর্ড আইন, ২০২১ নামে অভিহিত হইবে;

১.২ ইহা বাংলাদেশের প্রাথমিক শিক্ষার সকল ক্ষেত্রে প্রযোজ্য হইবে;

১.৩ সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ নির্ধারিত হইবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

২. প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই আইনে সংজ্ঞা।

ক. 'প্রাথমিক শিক্ষা' অর্থ প্রাক-প্রাথমিক হইতে পঞ্চম শ্রেণি পর্যন্ত অথবা সরকার কর্তৃক নির্ধারিত যে কোনো শ্রেণি পর্যন্ত শিক্ষাকে বুঝাইবে;

খ. 'বোর্ড' অর্থ এই আইনের ধারা ৩ এবং উপধারা ৩.১-এর অধীনে স্থাপিত 'প্রাথমিক শিক্ষা বোর্ড' বুঝাইবে;

গ. 'প্রাথমিক বিদ্যালয়' অর্থ প্রাক-প্রাথমিক হইতে পঞ্চম শ্রেণি পর্যন্ত অথবা সরকার কর্তৃক নির্ধারিত ও স্বীকৃত শিক্ষা কার্যক্রম পরিচালনার সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বুঝাইবে;

ঘ. 'সরকার' অর্থ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় অথবা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সত্তাকে বুঝাইবে;

ঙ. 'চেয়ারম্যান' অর্থ প্রাথমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান;

চ. 'প্রজ্ঞাপন' অর্থ সরকারি গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন;

ছ. 'সদস্য' অর্থ এই আইনের ধারা ৫ এ বর্ণিত প্রাথমিক শিক্ষা বোর্ডের সদস্যগণকে বুঝাইবে;

জ. 'বিধি' অর্থ এই আইনের অধীনে প্রণীত বিধি;

ঝ. 'প্রবিধান' অর্থ এই আইনের অধীনে প্রাথমিক শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত প্রবিধান;

ঞ. 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট' অর্থ শিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ কর্তৃক আদেশমূলে গঠিত ইউনিটকে বুঝাইবে।

অধ্যায়:২

প্রাথমিক শিক্ষা বোর্ড স্থাপন, গঠন ও কার্যাবলি

৩. প্রাথমিক শিক্ষা বোর্ড স্থাপন।

৩.১ এই আইন প্রবর্তনের পর সরকার এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রাথমিক শিক্ষা বোর্ড স্থাপন কার্যকর করিতে পারিবে;

৩.২ বোর্ড একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে, যাহার স্থায়ী ধারবাহিকতা এবং একটি মনোগ্রাম ও সাধারণ সিলমোহর থাকিবে। ইহার স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন ও ধারণ করিবার ক্ষমতা থাকিবে এবং বোর্ডের অনুমোদনক্রমে সম্পত্তি হস্তান্তরের চুক্তি করিবার এবং এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে, অন্যান্য কার্যক্রম সম্পাদনের ক্ষমতা থাকিবে, তবে স্থাবর সম্পত্তি হস্তান্তর ও বিক্রয়ের পূর্বে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে। বোর্ড স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে; এবং

৩.৩ এই আইনের অধীন এবং এই আইনের বিধানাবলি অনুযায়ী প্রাথমিক শিক্ষার সংগঠন, শিক্ষা ব্যবস্থাপনা, তত্ত্বাবধান, পরিচালনা, নিয়ন্ত্রণ ও উন্নয়নের জন্য চাহিদাভিত্তিক প্রয়োজনীয় সংখ্যক প্রাথমিক শিক্ষা বোর্ডের আঞ্চলিক কার্যালয় স্থাপন, স্থানান্তর বা বিলুপ্ত করিতে পারিবে;

৩.৪ প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের শিখন মূল্যায়ন ব্যবস্থাপনা ও পরিচালনা, জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন, পরিবীক্ষণ, গবেষণা ও সার্বিক মূল্যায়ন ব্যবস্থাপনার গুণগত মানোনয়নের লক্ষ্যে প্রাথমিক শিক্ষা বোর্ড গঠন করা হইবে;

৩.৫ প্রাথমিক শিক্ষা সার্বিক মূল্যায়ন ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ,তত্ত্বাবধান, পরিচালনা ও উন্নয়নের ক্ষমতা বোর্ডের উপর অর্পিত হইবে।

৪. প্রাথমিক শিক্ষা বোর্ডের কার্যালয়।

৪.১ প্রাথমিক শিক্ষা বোর্ডের প্রধান কার্যালয় ঢাকায় স্থাপিত হইবে;

৪.২ বাংলাদেশের অভ্যন্তরে যে কোনো স্থানে এক বা একাধিক বোর্ড স্থাপনে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

৫. প্রাথমিক শিক্ষা বোর্ডের পরিচালনা পর্ষদ গঠন।

নিম্নরূপ সদস্যগণের সমন্বয়ে বোর্ডের পরিচালনা পর্ষদ গঠিত হইবে;

৫.১ প্রাথমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পদাধিকারবলে পরিচালনা বোর্ডের চেয়ারম্যান;

৫.২ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সদস্য;

৫.৩ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, সদস্য;

৫.৪ মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, সদস্য;

৫.৫ মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, সদস্য;

৫.৬ মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), সদস্য;

৫.৭ চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, সদস্য;

৫.৮ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে), সদস্য;

৫.৯ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে), সদস্য;

৫.১০ লেজিসলেটিভ বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে), সদস্য;

৫.১১ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নহে), সদস্য;

৫.১২ চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, সদস্য;

৫.১৩ চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা, সদস্য;

৫.১৪ চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড,সদস্য;

৫.১৫-৫.১৬ সরকার কর্তৃক মনোনীত ৩ জন বিশিষ্ট শিক্ষাবিদ, সদস্য;

৫.১৭-৫.১৮ বোর্ডের দুই জন পরিচালক/সদস্য (একজন শিক্ষা পরিসংখ্যান ও মূল্যায়ন বিশেষজ্ঞ), সদস্য;

৫.১৯ ১ জন পরিচালক (প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক মনোনীত), সদস্য;

৫.২০ প্রাথমিক শিক্ষা বোর্ডের সচিব এই বোর্ডের পরিচালনা পর্ষদের সদস্য সচিব হইবেন।

৬. প্রাথমিক শিক্ষা বোর্ডের সদস্যগণের নাম প্রকাশ।

বোর্ডের সদস্য হিসেবে মনোনয়নপ্রাপ্ত অথবা নিযুক্ত প্রত্যেক ব্যক্তির নাম ক্ষেত্রে বিশেষে যে রকম হইতে পারে তাহার মনোনয়ন অথবা নিয়োগ পরবর্তী প্রজ্ঞাপন দ্বারা তাহা প্রকাশ করিতে হইবে।

৭. প্রাথমিক শিক্ষা বোর্ডের পরিচালনা পর্ষদের মনোনয়নপ্রাপ্ত সদস্যগণের মেয়াদ।

৭.১ এই আইনের বিধান সাপেক্ষে সরকার কর্তৃক বোর্ডের মনোনীত সদস্য ধারা: ৫ এর (উপধারা ১২-১৩) অধীনে প্রজ্ঞাপনের মাধ্যমে তাঁহার নাম যে তারিখে প্রকাশিত হইবে সেই তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য স্বীয় পদে আসীন থাকিবেন এবং মেয়াদ অবসানের পরে তিনি সরকারের সন্তুষ্টি সাপেক্ষে পুন:মনোনয়ন অথবা পুন:নিয়োগের জন্য যোগ্য হইতে পারিবেন,তবে একাধিকক্রমে দুইবারের অধিক হইবে না;

৭.২ পরিচালনা পর্ষদের যেকোনো সদস্য, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবরে পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন, তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত পদত্যাগ কার্যকর হইবে না;

৭.৩ সরকার লিখিতভাবে আদেশ দ্বারা যেকোনো সময়ে চেয়ারম্যান অথবা মনোনীত বোর্ডের পরিচালনা পর্ষদের যে কোনো সদস্যকে দায়িত্ব হইতে অপসারণ করিতে পারিবেন যদি রাষ্ট্রপতি অথবা ক্ষেত্র বিশেষে সরকার বিবেচনা করেন যে, জনস্বার্থে অথবা বোর্ডের স্বার্থের জন্য এইরূপ অপসারণ করা প্রয়োজন অথবা সমীচীন।

৮. প্রাথমিক শিক্ষা বোর্ডের পরিচালনা পর্ষদের সদস্য পদের জন্য অযোগ্যতা।

৮.১ কোনো ব্যক্তি বোর্ডের সদস্য হিসাবে মনোনয়ন অথবা নিয়োগের জন্য যোগ্য হইবেন না, যদি তিনি-

ক. উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত হন;

খ. দেউলিয়াত্ব হইতে মুক্ত না হন;

গ. দেউলিয়াত্ব হইতে মুক্ত হইয়াও আদালত হইতে এই মর্মে সার্টিফিকেট লাভ না করেন যে, তাহার দেউলিয়াত্ব তাহার অসদাচরণের ফলে নহে অথবা নৈতিক স্খলনজনিত অপরাধে কোনো আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হন, যদি না তাহাকে যে অপরাধে দোষী সাব্যস্ত করা হইয়াছে তাহা ক্ষমা করা হয় অথবা তাহার সাজা ভোগের পর ৫(পাঁচ) বৎসর অতিক্রান্ত হয়;

৮.২ মনোনয়ন অথবা নিয়োগের তারিখে কোনো ব্যক্তির ৮ এর উপধারা ৮.১ এ উল্লিখিত যে কোনো অযোগ্যতা থাকিলে তাহার মনোনয়ন অথবা নিয়োগ বাতিল হইবে; এবং

৮.৩ বোর্ডের পরিচালনা পর্ষদের কোনো মনোনীত অথবা নিয়োগকৃত সদস্য তাহার মনোনয়ন অথবা নিয়োগের পর ধারা ৮ এ উপধারা ৮.১ উল্লিখিত যে কোনো অযোগ্যতার অন্তর্ভুক্ত হইলে, তৎক্ষণাৎতাহার সদস্যপদ বিলুপ্ত হইবে।

৯. শূন্যতাপূরণ।

৯.১ যখন বোর্ডের পরিচালনা পর্ষদের একজন মনোনীত অথবা নিয়োগকৃত সদস্যের সদস্য পদ তাহার পদত্যাগ, মৃত্যু অথবা অন্য কোন কারণে শূন্য হয়, তাঁহার শূন্যপদে ধারা ৫ এর সংশ্লিষ্ট দফায় বর্ণিত পদ্ধতিতে অবশিষ্ট মেয়াদের জন্য নতুন একজন সদস্য নিয়োগ প্রদান করা যাইবে; এবং

৯.২ ধারা-৭ এর উপধারা ৭.১ এ বর্ণিত ৩(তিন) বৎসর মেয়াদ অতিক্রান্ত হওয়া সত্ত্বেও চেয়ারম্যান ব্যতীত বোর্ডের পরিচালনা পর্ষদের একজন মনোনীত অথবা নিয়োগকৃত সদস্য তাঁহার পদে বহাল থাকিবেন, যতক্ষণ না পর্যন্ত উক্ত মেয়াদের অবসান দ্বারা সৃষ্ট শূন্যতা এই আইনের বিধান অনুযায়ী পূরণ করা হয়।

১০. প্রাথমিক শিক্ষা বোর্ডের কার্যাবলি।

১০.১ প্রাথমিক শিক্ষায় সুষ্ঠু মূল্যায়ন ব্যবস্থাপনা গড়িয়া তুলিবার লক্ষ্যে নীতি,পরিকল্পনা ও গাইড লাইন প্রণয়ন এবং প্রণীত নীতি, পরিকল্পনা ও গাইড লাইন বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদনে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহিত কার্যগত সমন্বয়করণ;

১০.২ প্রাথমিক শিক্ষার সুষ্ঠু মূল্যায়ন ব্যবস্থাপনা গড়িয়া তুলিবার লক্ষ্যে বিষয়ভিত্তিক তথ্য সংগ্রহ, তথ্য প্রক্রিয়াজাতকরণ এবং স্ট্যাটাস জেনারেশন;

১০.৩ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ব্যবস্থাপনার যাবতীয় কার্যাবলি সম্পাদন যেরূপ, পরীক্ষা কেন্দ্র ও ভেন্যু অনুমোদন, শিক্ষার্থী অনুযায়ী প্রতিষ্ঠান বিভাজন, ডেসক্রিপটিভ রেজিস্ট্রেশন, বি,জি, প্রেসে প্রশ্নপত্রের চাহিদা প্রেরণ ও মুদ্রণ প্রভৃতি;

১০.৪ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার শিখন মূল্যায়নের ফলাফল প্রকাশ, প্রচার ও বিতরণ; শিখন মূল্যায়ন সংক্রান্ত বিষয়াদি পরিবীক্ষণ ও গবেষণাপূর্বক মানোন্নয়নের সুপারিশ প্রদান;

১০.৫ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করিয়া সরকার কর্তৃক প্রচলিত নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক বৃত্তির ফলাফল ঘোষণা; এ ক্ষেত্রে বোর্ড প্রয়োজনীয়তার পরিপ্রেক্ষিতে বৃত্তি প্রদানের সূচক সংশোধনের ক্ষমতা প্রয়োগ;

১০.৬ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে সনদ প্রদান, নাম ও বয়স সংশোধন, ডুপ্লিকেট সনদ প্রদান ও প্রয়োজনে প্রদত্ত সনদ প্রত্যাহার;

১০.৭ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অনুপস্থিতি, রিপোর্টেড শিক্ষার্থী, এন্ট্রি/ এডিটিং, টেবুলেশন ও ডিকোডিং সংক্রান্ত পরিসংখ্যান মুদ্রণ ও প্রকাশ;

১০.৮ জাতীয় শিক্ষার্থী মূল্যায়নে শিখন-শেখানো মূল্যায়ন সংক্রান্ত যাবতীয় কার্যাবলি যেরূপ, প্রশ্নপত্র প্রণয়ন ও মডারশন, প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশনে কর্মশালা পরিচালনা, বিজি প্রেস হতে মুদ্রণ, প্রশ্নপত্র বিতরণ ব্যবস্থাপনা, উত্তরপত্র নমুনা প্রণয়ন, প্রবেশপত্র নমুনা প্রণয়ন, নিরীক্ষক ও মূল্যায়নকারী নিয়োগ সংক্রান্ত প্রভৃতি;

১০.৯ জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কার্যাবলি সম্পাদন যেরূপ-শিখন মূল্যায়নের ফলাফল প্রকাশ, প্রতিবেদন প্রণয়ন,প্রচার ও বিতরণ, শিখন মূল্যায়ন সংক্রান্ত বিষয়াদি পরিবীক্ষণ ও গবেষণাপূর্বক মানোন্নয়নের সুপারিশ প্রদান প্রভৃতি;

১০.১০ বোর্ড কার্য সম্পাদনের জন্য বিভিন্ন ধরনের কমিটি যেমন, নির্বাহী কমিটি, এডহক কমিটি, রেগুলার কমিটি, স্পেশাল কমিটি, অর্গানাইজিং কমিটি প্রভৃতি কমিটি গঠন এবং বিধিমালা ও প্রবিধানমালা অনুসারে তাহার ক্ষমতা ও দায়িত্বসমূহ নির্ধারণ;

১০.১১ সরকারের পূর্বানুমোদনক্রমে বোর্ডের আধিকারিক এবং এই আইনে বিধানসমূহ প্রতিপালনের উদ্দেশ্যে নিযুক্ত বিশেষজ্ঞ পরামর্শকগণের পদ সৃষ্টি ও বিলুপ্তিকরণসহ সংখ্যা, পদবি বেতন-ভাতাদি ও অন্যান্য প্রাপ্তি নির্ধারণ;

১০.১২ প্রবিধানমালা কর্তৃক যেইরূপ নির্ধারণ করা হইতে পারে সেইরূপ ফি নির্ধারণ, দাবি ও আদায়;

১০.১৩ উপহার ও দানকৃত সম্পদ গ্রহণ ব্যবস্থাপনা, বৃত্তি, পদক ও পুরস্কারসমূহ প্রচলন এবং বিতরণ;

১০.১৪ এই আইন এবং প্রবিধানমালা কর্তৃক ইহার নিকট ন্যস্ত দায়িত্ব পালন এবং ক্ষমতা প্রয়োগ করিয়া চুক্তিসমূহ সম্পাদন ও বাস্তবায়ন;

১০.১৫ সরকারের নিকট বোর্ড সংশ্লিষ্ট যে কোন বিষয়ে মতামত পেশ;

১০.১৬ বোর্ড কর্তৃক তাহার যে কোন ক্ষমতা চেয়ারম্যান অথবা বোর্ডের অন্য কোনো কর্মকর্তা অথবা এই আইনের অধীন গঠিত কমিটি অথবা উপ-কমিটির নিকট যেইরূপ উপযুক্ত গণ্য করিবে সেই অনুযায়ী অর্পণ এবং এইরূপ যে কোনো অর্পণ প্রত্যাহার;

১০.১৭ বোর্ড, উহার কার্যাবলি সম্পাদনের ক্ষেত্রে, সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অনুশাসন ও নির্দেশনাবলি প্রতিপালন; এবং

১০.১৮ সরকারের নিকট বোর্ড যে কোনো কার্যক্রম সংশ্লিষ্ট বিষয়ে মতামত পেশ করিবার ক্ষেত্রে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির সাথে সমন্বয়পূর্বক দাখিল;

১০.১৯ বোর্ড অথবা সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য কার্যাবলি।

১১. বোর্ডের চেয়ারম্যান নিয়োগ, ক্ষমতা ও দায়িত্ব।

১১.১ বোর্ডের চেয়ারম্যান সরকার কর্তৃক নির্ধারিত শর্তে নিয়োগপ্রাপ্ত হইবেন। তিনি বোর্ডের সার্বক্ষণিক কর্মকর্তা এবং প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করবেন;

১১.২ ছুটি, অসুস্থতা এবং অন্য কোন কারণে যখন সাময়িক অথবা অন্যভাবে চেয়ারম্যানের পদ শূন্য হয়, তখন চেয়ারম্যান-এর অনুপস্থিতিতে অন্তর্বর্তী সময়ের জন্য বোর্ডে কর্মরত দ্বিতীয় জ্যেষ্ঠতম কর্মকর্তা অতিরিক্ত দায়িত্ব পালন করিবেন;

১১.৩ চেয়ারম্যানের কর্তব্য হইবে এই আইন ও প্রবিধানের বিধানসমূহ বিশ্বস্ততার সহিত প্রতিপালন, বাস্তবায়িত হইল কি না তাহা নিশ্চিতকরণ এবং তিনি এই উদ্দেশ্যে সকল ক্ষমতা প্রয়োগ করিবেন;

১১.৪ বোর্ডের প্রশাসনিক কার্যক্রমের মধ্য হইতে সৃষ্ট কোনো জরুরি অবস্থায় চেয়ারম্যান অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করিবেন এবং পরবর্তী বোর্ডের পরিচালনা পর্ষদের সভায় ইহা অবগতির জন্য উপস্থাপন করিবেন;

১১.৫ সরকার কর্তৃক চেয়ারম্যানকে কোনো ক্ষমতা অর্পণ করা হইলে অথবা বিধি এবং প্রবিধানে তাঁহাকে এইরূপ কোনো ক্ষমতা প্রদান করা হইলে, চেয়ারম্যান এইরূপ ক্ষমতা প্রয়োগ করিবেন;

১১.৬ বোর্ড কার্য সংশ্লিষ্ট কমিটিসমূহের সভায় পদাধিকার বলে সভাপতিত্ব করিবেন;

১১.৭ বোর্ডের প্রশাসনিক কার্যে সৃষ্ট কোনো জরুরি অবস্থা এবং যাহার কারণে চেয়ারম্যানের মতানুযায়ী তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক হয়, সেইরূপ পরিস্থিতিতে তিনি সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাথে পরামর্শক্রমে ব্যবস্থা গ্রহণ করিবেন এবং গৃহীত ব্যবস্থা অনুমোদনের নিমিত্ত বোর্ডের পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় প্রতিবেদন উপস্থাপন করিবেন;

১১.৮ চেয়ারম্যান সরকার কর্তৃক অর্পিত অন্যান্য ক্ষমতা এবং প্রবিধানমালা দ্বারা নির্ধারিত ক্ষমতাসমূহ প্রয়োগ করিবেন; এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড এবং সরকার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করিবেন।

১২. বোর্ডের জনবল কাঠামো।

১২.১ সরকার কর্তৃক অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী প্রয়োজনীয় জনবল থাকিবে এবং প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জনবল নিয়োগ করা হইবে; এবং

১২.২ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের বিদ্যমান জনবলকে তাহাদের সমমানের সমপদে প্রাথমিক শিক্ষা বোর্ডে নিয়োগ/পদায়িত হইবার জন্য সুযোগ প্রদান করা হইবে।

১৩. বোর্ডের পরিচালনা পর্ষদের সভা।

১৩.১ প্রতি পঞ্জিকা বৎসরে ন্যূনতম দুইটি সভার আহবান করা যাইবে; তবে প্রয়োজনে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে সভার সংখ্যা বৃদ্ধি করা যাইবে;

১৩.২ কোনো সভায় ন্যূনতম এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হইবে;

১৩.৩ কোনো মুলতবি সভার জন্য কোন কোরামের প্রয়োজন হইবে না।

১৪. **সভা পরিচালনা।**

চেয়ারম্যান অথবা চেয়ারম্যানের অনুপস্থিতিতে বোর্ডের কোনো সভাতে যাহার উপস্থিত রহিয়াছেন তাঁহাদের মধ্য হইতে জ্যেষ্ঠ/নির্বাচিত ১(এক) জন সদস্য বোর্ডের পরিচালনা পর্ষদের সভাপতিত্ব করিবেন।

১৫. **পরিদর্শন।**

১৫.১ সরকার কোনো ব্যক্তি অথবা প্রতিষ্ঠান দ্বারা বোর্ড পরিদর্শন করাইতে পারিবেন। বোর্ডের কার্যক্রম, তহবিল এবং বোর্ড কর্তৃক পরিচালিত পরীক্ষা সম্পর্কে বোর্ডকে নির্দেশ প্রদান করিতে পারিবেন। বোর্ডের যে কোনো বিষয় সম্পর্কে তদন্ত করাইতে পারিবেন। সরকার এইরূপ পরিদর্শন অথবা তদন্তের ফলাফল বোর্ডকে অবহিত করিতে পারিবেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে করণীয় বিষয় সম্পর্কে নির্দেশ প্রদান করিতে পারিবেন। এইরূপ পরামর্শ প্রাপ্তির পরে বোর্ড যে ব্যবস্থা গ্রহণ করিতে ইচ্ছুক অথবা যে ব্যবস্থা গ্রহণ করিয়াছে, বোর্ড সেই সম্পর্কে সরকারকে অবহিত করিবে। যুক্তিসংগত ক্ষেত্রে সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও বোর্ড কর্তৃক কোনো কার্যকর ব্যবস্থা গ্রহণ করা না হইলে কিংবা ব্যবস্থা গ্রহণ সন্তোষজনক না হইলে, সেইক্ষেত্রে বোর্ড কর্তৃক কোন ব্যাখ্যা প্রদান করা হইয়া থাকিলে, তাহা বিবেচনা করিয়া সরকার যেইরূপ উপযুক্ত মনে করিবে, সেইরূপ নির্দেশ প্রদান করিতে পারিবে এবং চেয়ারম্যান এইরূপ নির্দেশ পালন করিতে বাধ্য থাকিবেন; এবং

১৫.২ এই ধারায় উল্লিখিত বিধানসমূহের কোনো ক্ষমতা ক্ষুন্ন না করিয়া সরকার লিখিতভাবে আদেশ প্রদান করিবার মাধ্যমে বোর্ডেরযে কোনো কার্যক্রম বা যে কোনো কমিটি বাতিল করিতে পারিবে যদি সরকার সন্তুষ্ট হয়, এই জাতীয় কার্যক্রম এই আইনের সহিত সামঞ্জস্যপূর্ণ নহে। তবে শর্ত থাকে যে, সরকার এইরূপ কোনো আদেশ প্রদানের পূর্বে চেয়ারম্যানের মাধ্যমে সংশ্লিষ্ট বোর্ড অথবা কমিটিকে এই জাতীয় আদেশ কেন দেওয়া হইবে না, সে ব্যাপারে কারণ দর্শাইবে;

১৫.৩ এ আইনের আওতায় যে কোন জরুরী প্রয়োজনে সরকার তদন্ত করিতে পারিবে এবং তদন্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

অধ্যায়-৩

অর্থ ব্যবস্থাপনা

১৬. **বাজেট।**

১৬.১ বোর্ড প্রতি অর্থ বৎসর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, সম্ভাব্য আয়-ব্যয়সহ পরবর্তী বৎসরের বাৎসরিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে, যাহাতে উক্ত অর্থবৎসর সরকারের নিকট হইতে বোর্ডের জন্য সম্ভাব্য কী পরিমাণ অর্থের প্রয়োজন হইবে তাহার উল্লেখ থাকিবে, এবং

১৬.২ বোর্ডের বাজেট সভা প্রতি অর্থ বৎসরের ৩১ মার্চ অথবা তাহার পূর্বে অনুষ্ঠিত হইবে।

১৭. **প্রাথমিক শিক্ষা বোর্ড তহবিল।**

১৭.১ বোর্ডে প্রাথমিক শিক্ষা বোর্ড তহবিল নামে একটি তহবিল থাকিবে যাহাতে নিম্নরূপ উৎস হইতে জমা হইবে:

ক. সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;

খ.সরকারের পূর্বানুমোদনক্রমে কোন বিদেশী সরকার, সংস্থা বা আন্তর্জাতিক সংস্থা হইতে প্রাপ্ত অনুদান;

গ. বোর্ডের সম্পত্তি বিনিয়োগ হইতে অর্জিত আয়;

ঘ. এই আইনের যে-কোনো বিধান-এর অধীন আদায়কৃত ফিসমূহ;

ঙ. সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ;

চ. এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ডের প্রাপ্ত দান, উপহার অথবা নিজস্ব সম্পত্তি ব্যবস্থাপনা ও পরিচালনা হইতে আয়;

ছ. প্রাথমিক শিক্ষা বোর্ডের অনুকূলে প্রাপ্ত সকল অর্থ অবিলম্বে বোর্ড কর্তৃক নির্ধারিত তফসিল ব্যাংকে জমা প্রদান অথবা প্রযোজ্য ক্ষেত্রে সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে;

জ. তহবিলের অর্থ সরকার কর্তৃক অনুমোদিত খাতে বিনিয়োগ করা যাইবে;

ঝ. সরকার নির্দেশিত (প্রবিধান কর্তৃক অনুমোদিত) অন্যান্য কার্যাবলি।

১৭.২ প্রাথমিক শিক্ষা বোর্ড তহবিল বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরিচালিত হইবে।

১৮. প্রাথমিক শিক্ষা বোর্ড তহবিলের ব্যবহার।

১৮.১ প্রাথমিক শিক্ষা বোর্ড তহবিল হইতে নিম্নের উদ্দেশ্যে ব্যতীত কোনো অর্থ ব্যয় করা যাইবে না, কেবল এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে এবং ধারা-১৭ এর অধীন সরকার কর্তৃক অনুমোদিত বাজেটে সংস্থান না হইলে এই জাতীয় অর্থ ব্যয় করা যাইবে না অর্থবা যদি না তাহা কর্তৃক পুন:বিভাজন অথবা উপযোজন করা হয়;

১৮.২ ধারা ১৮ এর উপধারা-১ এর বিধানাবলি সাপেক্ষে প্রাথমিক শিক্ষা বোর্ডের তহবিল ব্যবহার করা হইবে-

ক. বোর্ডের চেয়ারম্যান, কর্মকর্তা এবং কর্মচারীদের বেতন ভাতাদি ও অন্যান্য প্রদেয় পরিশোধ;

খ. কাগজ, ফর্ম, দলিলাদি, যন্ত্রপাতি, আসবাবপত্র, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, পরীক্ষা সংক্রান্তসকল উপকরণ, ইউটিলিটি বিল ইত্যাদি যাহা এই আইনের উদ্দেশ্য সমূহ পরিচালনার জন্য প্রয়োজন হয় তাহার সহিত সংশ্লিষ্ট সকল ব্যয় পরিশোধ;

গ. বোর্ডের পরিচালনা পর্ষদের সদস্যগণ এবং তাহার অধীনে কমিটি সমূহের সদস্যগণের সম্মানী/পারিতোষিক পরিশোধ;

ঘ. বোর্ডের পরীক্ষাসমূহ অনুষ্ঠান, পরিচালনা এবং ফল প্রকাশের কার্যের সহিত সংশ্লিষ্ট বোর্ড পরিচালনা পর্ষদ কর্তৃক যে রকম নিয়োজিত হইতে পারে সেই অনুযায়ী ব্যক্তিদের পারিতোষিক পরিশোধ;

ঙ. আকস্মিক এবং মূলধনী ব্যয় পরিশোধ

চ. এই আইনের বিধানসমূহ কার্যকর করিবার উদ্দেশ্যে এবং সেই অনুযায়ী বোর্ড কর্তৃক অন্য যে কোনো ব্যয় পরিশোধ;

ছ. বোর্ডের সকল প্রকার ক্রয় কার্যক্রম পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সহ এই সংক্রান্ত অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে সম্পন্ন হইবে; এবং

জ. নিরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যয় পরিশোধ;

ঝ. বোর্ডের পরিচালনা পর্ষদ এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি দ্বারা অর্থ ব্যয় করা যাইবে।

১৯. হিসাব ব্যবস্থাপনা।

প্রবিধানমালার নির্ধারিত পদ্ধতি ও ধরন অনুযায়ী উহার সকল প্রাপ্তি ও ব্যয়ের হিসাবসমূহ সংরক্ষণ করা হইবে।

২০. নিরীক্ষা।

২০.১ বোর্ডের হিসাবসমূহ প্রতিবৎসর একবার সরকারের নিকট পেশ করা হইবে এবং সরকার কর্তৃক নিয়োজিত নিরীক্ষক দ্বারা এই হিসাব নিরীক্ষিত হইতে হইবে; এবং

২০.২ বোর্ড এবং বোর্ডের প্রত্যেক সদস্য, কর্মকর্তা এবং কর্মচারীর দায়িত্ব হইবে যে বোর্ডের হিসাবসমূহ নিরীক্ষার জন্য নিরীক্ষা কার্যক্রমে সহযোগিতা প্রদান করা এবং নিরীক্ষক প্রদত্ত অধিযাচন (requisition) প্রতিপালন করা।

২১. **নিরীক্ষা প্রতিবেদন।**

নিরীক্ষক হিসাব নিরীক্ষান্তে একটি প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবেন ও বোর্ডের নিকট একই জাতীয় প্রতিবেদনের অনুলিপি প্রেরণ করিবেন। অত:পর বোর্ড প্রবিধানমালা অনুযায়ী এই উদ্দেশ্য নির্ধারিত সময়ের মধ্যে সরকারের নিকট ইহার পর্যবেক্ষণসহ প্রতিবেদনের একটি অনুলিপি অগ্রায়ন করিবেন।

২২. **বোর্ড সদস্যদের চুক্তি সম্পর্কিত বিধি নিষেধ।**

বোর্ডের পরিচালনা পর্ষদের কোনো সদস্য ও কর্মচারী বোর্ডের সহিত প্রত্যক্ষভাবে অথবা কোনো ব্যক্তির মাধ্যমে বোর্ডের কোনো বিষয়ে কোনোরূপ চুক্তি করিতে পারিবেন না।

২৩. **বোর্ডের বিষয়াবলিতে আর্থিক স্বার্থ রহিয়াছে এইরূপ ব্যক্তিদের বোর্ড পরিচালনা পর্ষদের অথবা অন্যান্য কমিটির সদস্য হইবার ক্ষেত্রে শর্ত।**

কোনো ব্যক্তি যাহার বোর্ড কর্তৃক পরিচালিত কোনো কার্যক্রমে আর্থিক স্বার্থ রহিয়াছে তিনি বোর্ডের পরিচালনা পর্ষদের সদস্য অথবা এই আইনের অধীনে গঠিত কোনো কমিটির সদস্য হইবার যোগ্য হইবেন না এবং এই জাতীয় কোনো স্বার্থ অর্জনের পর তিনি আর সদস্য থাকিবেন না।

২৪. **বিধি প্রণয়নের ক্ষমতা।**

সরকার, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ বিধি প্রণয়ন করিতে পারিবে।

২৫. **প্রবিধান প্রণয়নের ক্ষমতা।**

২৫.১ প্রাথমিক শিক্ষা বোর্ড সরকারের পূর্বানুমোদনক্রমে এই আইনের উদ্দেশ্যসমূহ পূরণকল্পে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরামর্শক্রমে প্রবিধান প্রণয়ন করিতে পারিবে;

২৫.২ এই আইনের অধীন প্রণীত প্রবিধানমালা সাধারণ সরকারি গেজেট প্রকাশ করিতে হইবে।

২৬. **অসামঞ্জস্যতা দূরীকরণ।**

এই আইনের কোনো বিধান কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা বা অসামঞ্জস্যতা দেখা দিলে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বিধানাবলির সহিত সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, উক্তরূপ অস্পষ্টতা বা অসুবিধা দূর করিতে পারিবে।

২৭. **রহিতকরণ ও হেফাজত।**

২৭.১ প্রাথমিক শিক্ষা বোর্ড প্রতিষ্ঠিত হওয়া সত্ত্বেও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক শিক্ষার্থী মূল্যায়ন, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় সরকার কর্তৃক গৃহীত সকল কার্যাদি, জারিকৃত সকল নির্দেশনা ও পরিপত্রাদি এই আইনের আওতায় গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২৮. **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**

২৮.১ এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এই আইনের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

২৮.২ বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রধান্য পাইবে।

৭।১১।২১

শাহনাজ সামাদ
যুগ্ম সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার